



নং- ৬৫৬
ড ফাইল নং- ২৬/০২/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

প্রহিতার স্বাক্ষর

স্ব/ম
প্রফেসর ড. শাহ মোঃ আমির আলী
উপপরিচালক
২০/০১/২০২১

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৭.২০১৬ - ৩৬

তারিখ: ২১/০১/২০২১

নোটিশ

সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/ আলিয়া মাদ্রাসার সম্মানিত অধ্যক্ষ/ বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মরত আছেন এমন প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০২.০১.২০১৭-১৫৯ সংখ্যক স্মারকাদেশ মোতাবেক বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের বদলী/পদায়ন নীতিমালা-২০২০ অনুযায়ী প্রভাষক ও সহকারী অধ্যাপক পর্যায়ে কর্মকর্তাগণের বদলী/পদায়নের নিমিত্তে অন-লাইনে বদলীর আবেদন আহবানের তারিখ ৩১/০১/২০২১ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান তাঁর কলেজের কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত বদলীর আবেদনসমূহ ০৩/০২/২০২১ তারিখের মধ্যে অনলাইনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করবেন এবং বদলী/পদায়ন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্যপদের তথ্য হালনাগাদ করবেন।

বিষয়টি অতীব জরুরি।

প্রফেসর ড. শাহ মোঃ আমির আলী
উপপরিচালক (কলেজ-১)
ফোন: ৯৫৫৮৫০৫

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৩/০১/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

সম্মানিত শিক্ষকগণকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৭.২০১৬-৩৬, তারিখ: ২১/০১/২০২১ খ্রি. মোতাবেক বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক ও সহকারী অধ্যাপক পর্যায়ে বদলী/পদায়নের নিমিত্তে অনলাইনে আবেদনের সময়সীমা ৩১/০১/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আবেদন করতে ইচ্ছুক কর্মকর্তাগণকে মাউশি অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ

- ১। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ২। জনাব , অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা